

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নং- ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮-১২

তারিখ: ২২ পৌষ, ১৪২৭
৬ জানুয়ারি, ২০২১

বিষয়: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সুপারিশবিহীন বীর মুক্তিযোদ্ধাদের বেসামরিক গেজেট নিয়মিতকরণের লক্ষ্যে মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ সংক্রান্ত যাচাই-বাছাই কার্যক্রম আগামী ৩০ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠান প্রসংগে।


সূত্র: ১। জামুকা'র পত্র স্মারক- ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮.০৫, তারিখ: ৪ জানুয়ারি, ২০২১।
২। জামুকা'র পত্র স্মারক- ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮.১২৯৬, তারিখ: ৭ ডিসেম্বর, ২০২০।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ এর ৭(ঝ) ধারা এর সুপারিশবিহীনভাবে প্রকাশিত বেসামরিক গেজেটসমূহকে বর্ণিত আইনের ধারা ৭(ঝ) অনুযায়ী নিয়মিতকরণের লক্ষ্যে আগামী ৯ জানুয়ারি, ২০২১ তারিখে যাচাই-বাছাই এর জন্য নির্ধারিত ছিল, যা সূত্রোক্ত ১ নম্বর স্মারকে স্থগিত করা হয়। উক্ত স্থগিতকৃত যাচাই-বাছাই কার্যক্রম আগামী ৯ জানুয়ারি, ২০২১ তারিখের পরিবর্তে ৩০ জানুয়ারি, ২০২১ তারিখে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এবং মহানগরের ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়ে সকাল ১০ টায় অনুষ্ঠিত হবে। বীর মুক্তিযোদ্ধার সংখ্যা বেশী হলে একাধিক দিনে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা যাবে।

০২। জামুকার সুপারিশবিহীন শুধু বেসামরিক গেজেটে বর্ণিতদের উপজেলা/মহানগর ভিত্তিক যাচাই-বাছাইযোগ্য সংশোধিত একটি তালিকা ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। উক্ত সংশোধিত তালিকা সম্পর্কে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসক (মহানগরের ক্ষেত্রে) এর নিকট থেকে সূত্রোক্ত ১ নম্বর স্মারকে আগামী ২০ জানুয়ারি, ২০২১ এর মধ্যে লিখিত মতামত চাওয়া হয়েছে এবং প্রাপ্ত মতামতের আলোকে যাচাই-বাছাইযোগ্য শুধু বেসামরিক গেজেটধারীদের চূড়ান্ত তালিকা পরবর্তীতে প্রকাশিত হবে। উক্ত চূড়ান্ত তালিকার ভিত্তিতে আগামী ৩০ জানুয়ারি, ২০২১ তারিখে সূত্রোক্ত ২ নম্বর স্মারকে বর্ণিত “বীর মুক্তিযোদ্ধাদের বেসামরিক গেজেট যাচাই-বাছাই নির্দেশিকা-২০২০” অনুসরণে পরিচালিত হবে। জামুকার সুপারিশবিহীন বেসামরিক গেজেটধারী মুক্তিযোদ্ধাদের মধ্যে যাঁরা মৃত্যুবরণ করেছেন, তাঁদের যেহেতু আত্মপক্ষ সমর্থনের সুযোগ নেই, সেহেতু তাঁদেরকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে তুলনামূলক উদার ভাবে দেখা হবে। তবে সক্রিয়ভাবে স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে কাজ করেছেন এমন ব্যক্তি মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিষয়ে সংশ্লিষ্ট কমিটি সিদ্ধান্ত নেবেন।

০৩। এ প্রেক্ষিতে, উপরোক্ত বর্ণনার আলোকে আগামী ৩০ জানুয়ারি, ২০২১ তারিখে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং মহানগরের ক্ষেত্রে জেলা প্রশাসক এর কার্যালয়ে জামুকার সুপারিশবিহীন শুধু বেসামরিক গেজেটধারী বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাইযোগ্য চূড়ান্ত তালিকায় বর্ণিতদের মহান স্বাধীনতায়ুদ্ধে অংশগ্রহণ নিশ্চিত হওয়ার লক্ষ্যে যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক (মহানগরের ক্ষেত্রে)
উপজেলা নির্বাহী অফিসার (সকল)


(মো: জহরুল ইসলাম রোহেল)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ০২-৫৮৩১৩৪০৬
ফ্যাক্স: ০২-৫৮৩১৩৪০৫
ইমেইল: dg@gamuka.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। বিভাগীয় কমিশনার (সকল)

২। জেলা প্রশাসক (মহানগর ব্যতীত সকল)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। মাননীয় মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।